JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/6/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো স্মার্ট স্কুল বন্ড আইনের (SMART SCHOOLS BOND ACT) মাধ্যমে স্কুল প্রযুক্তি আপগ্রেড করার জন্য 50 মিলিয়ন ডলার বিনিয়োগের কথা ঘোষণা করেছেন

স্মার্ট স্কুল রিভিউ বোর্ড আজ 52টি বিনিয়োগ পরিকল্পনা অনুমোদন করেছে

2 বিলিয়ন ডলার স্মার্ট স্কুল বন্ড আইন ক্লাসরুম প্রযুক্তি, উচ্চ-প্রযুক্তির নিরাপত্তা, এবং স্কুলের যোগাযোগ ব্যবস্থাকে সহায়তা করবে

স্কুলের নিরাপত্তা উন্নত করা এবং 21 শতকের শিক্ষাদান এবং শিক্ষণ পুনর্ব্যাখ্যার লক্ষ্যে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ 52টি স্মার্ট স্কুল বিনিয়োগ প্রকল্প (Smart Schools Investment Plans) অনুমোদনের কথা ঘোষণা করেছেন। অনুমোদিত প্রকল্পগুলি, মোট 50 মিলিয়ন ডলার, 2 বিলিয়ন ডলার স্মার্ট স্কুল বন্ডস আইনের অংশ--গভর্নরের দ্বারা প্রথম প্রস্তাবিত শিক্ষা প্রযুক্তি উন্নয়নের একটি উদ্যোগ সিংহভাগ ভোটারদের দ্বারা অনুমোদিত হয়েছে। আজকের অনুমোদিত বিনিয়োগ নিরাপত্তা নিশ্চিত করবে, নিউ ইয়র্ক জুড়ে ক্লাসরুমগুলিকে আধুনিক করবে, এবং ছাত্রছাত্রীদের বিশ্বের অর্থনৈতিক পরিস্থিতিতে টিকে থাকতে প্রয়োজনীয় দক্ষতায় নিপুণ করে তুলবে।

"দ্যা স্মার্ট স্কুল বন্ডস আইন স্কুলের নিরাপত্তা সুনিশ্চিত করতে এবং সেকেলে ক্লাসরুমগুলিকে আধুনিক করতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে", **গভর্নর কুওমো বলেন,** "এই বিনিয়োগ শিক্ষার সুযোগ সম্প্রসারিত করবে এবং ছাত্রছাত্রীদের 21 শতকের অর্থনৈতিক পরিস্থিতিতে সফল হতে প্রয়োজনীয় দক্ষতা এবং প্রযুক্তি প্রদান করবে।"

"দ্যা স্মার্ট স্কুলস প্রকল্পটি 21 শতকের পাঠ্যক্রমটি নিয়ে আসছে, শিক্ষার সুযোগগুলি সম্প্রসারিত করছে এবং সমগ্র নিউ ইয়র্কে ক্লাসরুমগুলিতে উন্নত প্রযুক্তি এবং সংযোগ ব্যবস্থা প্রদান করছে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "স্মার্ট স্কুলস বিনিয়োগ প্রকল্পগুলির অংশ হিসাবে এই 50 মিলিয়ন ডলার বিনিয়োগ বিশ্বের সৃজনশীল এবং প্রযুক্তি কেন্দ্রীক অর্থনীতিতে তাদের প্রয়োজনীয় দক্ষতাগুলি থাকা সুনিশ্চিত করছে। আমাদের ক্লাসরুমগুলিকে আধুনিক করতে আমাদের অবশ্যই পদক্ষেপ নেওয়া অব্যাহত রাখতে হবে এবং প্রত্যেক ছাত্রছাত্রীকে সফল হওয়ার জন্য একটি সমান সুযোগ দিতে হবে।"

স্কুল ডিস্ট্রিক্ট এবং বিশেষ শিক্ষার স্কুলগুলি দ্বারা জমা করা বিনিয়োগের পরিকল্পনাগুলি বিবেচনা করতে স্মার্ট স্কুল পর্যালোচনা বোর্ড আজ এই নিয়ে দ্বাদশ বার সাক্ষাত করেছে। এই বোর্ডে আছেন ডিরেক্টর অফ বাজেট, স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কের (State University of New York, SUNY) চ্যান্সেলর, এবং স্টেট শিক্ষা দপ্তরের (State Education Department) কমিশনার।

আজকের অনুমোদিত প্রকল্পগুলি 43টি স্কুল ডিস্ট্রিক্ট এবং সাতটি বিশেষ শিক্ষার স্কুল জমা দিয়েছিল। প্রকল্পটির মধ্যে আছে উচ্চ-প্রযুক্তির নিরাপত্তা প্রকল্পগুলির জন্য 30 মিলিয়ন ডলার, স্কুল যোগাযোগ ব্যবস্থা প্রকল্পগুলির জন্য 16.7 মিলিয়ন ডলার, এবং ক্লাসরুম প্রযুক্তি ক্রয়ের জন্য 3.2 মিলিয়ন ডলার। 52টি প্রকল্পের একটি সারসংক্ষেপ এখানে পাবেন।

স্মার্ট স্কুল বন্ড আইনের মাধ্যমে, স্কুল ডিস্ট্রিক্টগুলি কম্পিউটার সার্ভার, ইন্টারেক্টিভ হোয়াইটবোর্ড, ট্যাবলেট, ডেস্কটপ এবং ল্যাপটপ কম্পিউটার, এবং উচ্চ-গতির ব্রডব্যান্ড এবং ওয়্যারলেস সংযোগের মত প্রযুক্তিতে বিনিয়োগ করছে। এই প্রযুক্তি ছাত্রছাত্রীদের তাদের নিজস্ব গতিতে শিখতে সহায়তা করছে, উন্নত পাঠক্রম ও ইন্টারেক্টিভ কারিকুলামে অ্যাক্সেস সম্প্রসারিত করছে, এবং মা বাবা এবং শিক্ষক শিক্ষিকাদের মধ্যে যোগাযোগ উন্নত করছে। উচ্চ-প্রযুক্তি স্কুল নিরাপত্তায় বিনিয়োগ, ডিস্ট্রিক্টগুলির ভিডিও নজরদারীর সক্ষমতা বৃদ্ধি করতে উচ্চ-রেজোলিউশনযুক্ত ডিজিটাল ক্যামেরার মত নতুন সরঞ্জাম, এবং অন্যান্য নিরাপত্তা প্রযুক্তি ক্রয়ে সহায়তা করছে।

স্টেট বাজেট ডিরেক্টর রবার্ট এফ.মুজিকা বলেছেন, "স্মার্ট স্কুল প্রকল্প স্কুল ডিস্ট্রিক্টগুলিকে, আমাদের সন্তানদের সুরক্ষিত রাখতে, নিরাপত্তা এবং নজরদারী পদ্ধতি ইনস্টল করতে সক্ষম করছে, সেইসাথে উন্নত শিক্ষার জন্য ক্লাসরুমগুলিকে পুনর্গঠিত করছে, যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত করছে, এবং ছাত্রছাত্রীদের আশু অর্থনৈতিক পরিস্থিতিতে সফল হওয়ার জন্য শিক্ষিত করে তুলছে।"

প্রদেশের শিক্ষা অধিদপ্তরের কমিশনার ম্যারিএলেন এলিয়া বলেছেন, "আমাদের ডিস্ট্রিক্টগুলি সংযোগ ব্যবস্থা উন্নত করতে এবং সমস্ত ছাত্রছাত্রী এবং প্রাপ্তবয়স্করা যাতে সমাদৃত হন এবং নিরাপদ বোধ করেন এরকম একটি পরিবেশ গড়ে তুলতে একটি অগ্রণী দৃষ্টিভঙ্গী রাখছে। আজকের 50 মিলিয়ন ডলারের মধ্যে প্রায় 30 মিলিয়ন ডলার, বাফেলো, সাইরাকুজ এবং প্রায় 50টি অন্য স্কুল ডিস্ট্রিক্ট এবং বিশেষ শিক্ষার স্কুলগুলিতে স্কুল ভবনে এবং স্কুল ক্যাম্পাসগুলিতে উচ্চ-প্রযুক্তির নিরাপত্তা ব্যবস্থার জন্য বিনিয়োগ করা হবে। এই বিনিয়োগগুলি নিশ্চিত করছে যে আমাদের ছাত্রছাত্রীদের কলেজ, ভবিষ্যৎ এবং জীবনের জন্য প্রয়োজনীয় বন্দোবস্ত ডিস্ট্রিক্টগুলির আছে এবং এটিও নিশ্চিত করছে যে শেখা এবং উন্নতি করার জন্য তারা নিরাপদ।"

SUNY-র চ্যান্সেলর ক্রিস্টিনা এম.জনসন বলেছেন, "সমগ্র নিউ ইয়র্ক স্টেটে, সমস্ত গ্রেড এবং পর্যায়ের ছাত্রছাত্রীদের উচ্চ মানের শিক্ষাগত ব্যবস্থায় অ্যাক্সেস করার অধিকার আছে যা তাদের ক্লাসরুমের মধ্যে এবং বাইরে প্রতিযোগিতায় টিকে থাকতে সহায়তা করবে, আর গভর্নর কুওমোর স্মার্ট স্কুলস প্রকল্প ঠিক সেটাই করেছে। অত্যাধুনিক প্রযুক্তিযুক্ত ক্লাসরুমগুলি প্রদান করার মাধ্যমে, আমাদের বর্তমান এবং ভবিষ্যৎ ছাত্রছাত্রীরা সেই দক্ষতাগুলি অর্জন করবে যা আমাদের সর্বদা-পরিবর্তিত অর্থনীতি এবং কর্মশক্তিতে উন্নতি লাভ করার জন্য তাদের তৈরি করবে। আজকের পুরস্কৃত হওয়া স্কুলগুলিকে আমার অভিনন্দন।"

2014 সালে, গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেটকে একটি স্মার্ট স্কুল বন্ড আইনের মাধ্যমে তার স্কুলগুলিতে 2 বিলিয়ন ডলার বিনিয়োগ করার আহ্বান জানান - একটি উদ্যোগ যা ছাত্রছাত্রীদের 21 শতকের অর্থনীতিতে সফল হতে এবং প্রতিদ্বন্দ্বিতা করতে প্রয়োজনীয় সাম্প্রতিক প্রযুক্তি ও সংযোগ ব্যবস্থা ব্যবহারের অধিকার প্রদান করে, শিক্ষাগত প্রযুক্তি এবং পরিকাঠামোতে অর্থের যোগান দেবে। নভেম্বর মাসে ভোটাররা স্মার্ট স্কুলস বন্ড আইনে অনুমোদন দেয় বলে, নিউ ইয়র্কবাসীগণ সম্মত হন।

বন্ড আইনের প্রস্তাবের পরে, স্কুলগুলি কিভাবে বন্ডের তহবিল সবথেকে কার্যকরভাবে বিনিয়োগ করতে পারে

তার কৌশল স্থির করতে তথ্য সংগ্রহের জন্য গভর্নর কুওমো স্মার্ট স্কুল কমিশন গঠন করেন। এই উপদেষ্টা পরিষদ, ব্রডব্যান্ডের ও ওয়্যারলেস সংযোগের ব্যাপক সম্প্রসারণ এবং আমূল পরিবর্তনকারী প্রযুক্তিগুলি ব্যবহারের উপর জোর দেওয়ার সুপারিশ করে একটি চূড়ান্ত প্রতিবেদন পেশ করেছে। স্মার্ট স্কুল রিভিউ বোর্ড দ্বারা আজকের অনুমোদিত পরিকল্পনাগুলি কমিশন দ্বারা চিহ্নিত উৎকৃষ্ট রীতির অনেকগুলিকে সুচিন্তিতরূপে প্রকাশ করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন